JAN. 3 1 2001

দৈনিক ইনকিলাব

তারিখ ... পৃষ্ঠা ৪ কলাম ৭

# জামেয়া আহমদিয়া চট্টগ্রাম বিভাগের শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান

চট্টগ্রাম ব্যুরো ঃ জাতীয় শিক্ষা সপ্তাহ ২০০১ উপলক্ষে আয়োজিত প্রতিযোগিতায় চট্টগ্রাম জামেয়া আহমদিয়া সুন্নিয়া আলীয়া চট্টগ্রাম বিভাগীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান, মাদ্রাসার অধ্যক্ষ আলহাজ মাওলানা মুহাম্মদ জালালুদ্দিন আল কাদেরী শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান ও মাদ্রাসার ফিকহ বিভাগের ফকীহ আলহাজ মাওলানা সৈয়দ মুহাম্মদ অছিয়র রহমান শ্রেষ্ঠ শ্রেণী শিক্ষক নির্বাচিত হয়েছেন। গত ২০ জানুয়ারী চট্টগ্রাম সরকারী হাজী মুহাম্মদ মহসীন কলেজ মিলনায়তনে অনুষ্ঠিত 'মানব কল্যাণে শিক্ষা' বিষয়ক সেমিনারে চট্টগ্রাম বিভাগীয় কমিশনার এএসএম মোবাইদুল ইসলাম আনুষ্ঠানিকভাবে তাদেরকে সনদ ও সম্মাননা প্রদান করেন।

চট্টগ্রাম জামেয়া আহমদিয়া সুন্নিয়া আলীয়া মাদ্রাসাটি হযরতুল আল্লামা শাহ সূফী সৈয়দ আহমদ শাহ ছিরিকোটি (রহঃ) ১৯৫৪ সালে চট্টগ্রামের ষোলশহর এলাকায় প্রতিষ্ঠা করেছিলেন। পরবর্তীতে তাঁর শাহজাদা হযরতুল আল্লামা সৈয়দ মুহাম্মদ তৈয়্যব শাহ (রহঃ)-এর পৃষ্ঠপোষকতায় মাদ্রাসাটি বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে নিয়মিত ও সচল শিক্ষা প্রতিষ্ঠানরূপে স্বীকৃতি লাভ করে। বর্তমানে তদীয় ছাহেবজাদা ও সাজ্জাদানশীন হযরতুল আল্লামা সৈয়দ মুহাম্মদ তাহের শাহর সরাসরি পৃষ্ঠপোষকতা ও আনজুমান-এ রহমানিয়া আহমদিয়া সুন্নিয়ার সুষ্ঠু পরিচালনায় মাদ্রাসাটি কামিল (হাদিস, ফিকহ ও তাফসীর) বিভাগসহ সুচারুরূপে পরিচালিত হয়ে আসছে।

বিভাগীয় পর্যায়ে শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান নির্বাচিত আলহাজ মাওলানা মুহাম্মদ জালালুদ্দিন আল কাদেরী ১৯৭১ সালে জামেয়া আহমদিয়া সুন্নিয়া আলীয়ায় মুহাদ্দিস পদে যোগদান করেন।